

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন শাখা-৬

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/৫ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮১-আইন/২০০৭।—Chittagong Development Authority Ordinance, 1959 (Ordinance No. LI of 1959) এর section 84 এ অন্দে ক্ষমতাবলে Chittagong Development Authority, সরকারের পূর্বানুমোদনক্রমে, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

প্রবিধান ১৬ এর পর নিম্নরূপ নতুন প্রবিধান ১৬ক সন্তুষ্টিপূর্ণভাবে প্রবিধান করিল, যথা :—

"১৬ক। আন্তঃকর্তৃপক্ষ বদলী।—(১) প্রবিধান ১৬ এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার উপযুক্ত বিবেচনা করিলে, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, এক কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে, অপর কর্তৃপক্ষের সম্পদে বদলী করিতে পারিবে।

(২) কোন কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে উপ-প্রবিধান (১) এর অধীন অপর কোন কর্তৃপক্ষের নিকট বদলী করা হইলে, উক্তরূপ বদলীকালীন সময়ে তিনি তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের অধীন কর্মরত বলিয়া গণ্য হইবেন।

( ৮৭১৫ )

মূল্য : টাকা ২.০০

- (৩) কোন কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে উপ-প্রবিধান (১) এর অধীন অপর কোন কর্তৃপক্ষের নিকট বদলী করা হইলে, উক্ত বদলীকৃত কর্মকর্তা বা কর্মচারীর অবসর গ্রহণের অন্তর্ভুক্ত এক বছর পূর্বে তাহাকে সরকার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রত্যাপণ করিবে।

**ব্যাখ্যা :** “আন্তঃকর্তৃপক্ষ” অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী টাউন ডেভেলপমেন্ট অথরিটি, চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথরিটি এবং খুলনা ডেভেলপমেন্ট অথরিটি।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহসিনা ইয়াসমিন  
উপ-সচিব।